গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বরিশাল বিভাগ
ক্লাব রোড, বরিশাল
www.food.barisaldiv.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.৩২.০৬৮.১৮.১৪৬৯ তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৯
৩১ মে ২০২২

বিষয়: **বেসরকারি পর্যায়ে খাদ্যশস্যের মজুদ যাচাইয়ের নিমিত্ত স্থানীয় প্রশাসনের সহায়তায় নিয়মিত অভিযান পরিচালনাপূর্বক প্রতিবেদন প্রেরণ।**


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বর্তমান ভরা মৌসুমেও ধান, চাল ও গমের বাজার মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি পাচ্ছে মর্মে সাম্প্রতিকালে বিভিন্ন সংবাদ মাধ্যমে খবর প্রচারিত হচ্ছে। তদপ্রেক্ষিতে অদ্য ৩১/০৫/২০২২ খ্রি. তারিখে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে জুম এ্যাপসের মাধ্যমে অনুষ্ঠিত বাজার মনিটরিং সংক্রান্ত সভায় বিষয়টি আলোচনা হয়। উক্ত সভায় বেসরকারি পর্যায়ে অবৈধ মজুদ রোধকল্পে স্থানীয় প্রশাসনের সহায়তায় জেলা/উপজেলা পর্যায়ের সকল দোকান, আড়ৎ, মিলসহ বিভিন্ন গুদামে অভিযান পরিচালনার মাধ্যমে খাদ্যশস্যের মজুদ যাচাইয়ের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এমতাবস্থায়, স্থানীয় প্রশাসনের সহায়তায় স্ব-স্ব আওতাধীন সকল হাটবাজার, দোকান, আড়ৎ, রাইস মিলসহ সন্দেহভাজন গুদাম ঘর/স্থাপনায় অভিযান পরিচালনার মাধ্যমে খাদ্যশস্যের মজুদ যাচাইপূর্বক এ বিষয়ে নিম্নোক্ত ছক মোতাবেক প্রতিবেদন আবশ্যিকভাবে প্রতিদিন বিকাল ৩-০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

**ছক**

| ক্রঃ নং | পরিদর্শনের তারিখ | পরিদর্শনকৃত দোকান/আড়ৎ/মিলের নাম ও ঠিকানা | পরিদর্শনকৃত দোকান/আড়ৎ/মিলের ব্যবসার ধরণ (আমদানীকারক/খুচরা/পাইকারী) | পরিদর্শনকৃত দোকান/আড়ৎ/মিলের খাদ্যশস্য ব্যবসার লাইসেন্স আছে কিনা? যদি থাকে লাইসেন্স নম্বর | অভিযান পরিচালনাকালে প্রাপ্ত মজুদ (ধান/চাল/গম) (মে.টনে) | অবৈধ মজুদ পাওয়া গেছে কিনা? | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

বিষয়টি জরুরী বিবেচ্য।



৩১-৫-২০২২
মো: জাহাঙ্গীর আলম
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
ফোন: 02478862673
ইমেইল: rcf.bsl@dgfood.gov.bd

জেলা খাদ্য নিয়ন্ত্রক,
বরিশাল/ঝালকাঠি/পিরোজপুর/ভোলা/পটুয়াখালী/বরগুনা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.৩২.০৬৮.১৮.১৪৬৯/১(১১) তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৯

৩১ মে ২০২২

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর


২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল

৩) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর

৫) জেলা প্রশাসক, বরিশাল/ঝালকাঠি/পিরোজপুর/ভোলা/পটুয়াখালী/বরগুনা

৬) খাদ্য পরিদর্শক , আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল- জেলা হতে প্রতিদিন ছক মোতাবেক তথ্য সংগ্রহপূর্বক বিভাগের সমন্বিত আকারে সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হলো



৩১-৫-২০২২

মো: জাহাঙ্গীর আলম

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক